# Times Today BD

সিনিয়র রিপোর্টার | রাজনীতি | 06 May, 2025

বিএনপির চেয়ারপারসন নিরাপদে দেশে ফিরবেন—এমন প্রত্যাশা জানিয়ে দলটির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, দেশের গণতন্ত্রে উত্তরণের পথে বিএনপির চেয়ারপারসনের দেশে ফিরে আসা তাৎপর্যপূর্ণ।

আজ মঙ্গলবার সকালে বিমানবন্দরে প্রবেশের আগে সাংবাদিকদের কাছে এ কথা বলেন মির্জা ফখরুল।

বিএনপির মহাসচিব আরও বলেন, ‘এটা আমাদের জন্য, জাতির জন্য আনন্দের দিন।আমাদের গণতন্ত্রে উত্তরণের যে সময়টুকু, সেই সময়ে তাঁর উপস্থিতি আমাদের জন্য অত্যন্ত উল্লেখযোগ্য দিন।

তিনি আরও বলেন, ‘আমরা মনে করি, তাঁর দেশে ফিরে আসা গণতন্ত্রে উত্তরণের পথকে আরও সহজ করবে।দেশকে বৈষম্যহীন একটি পরিস্থিতির দিকে নিয়ে যেতে সহায়তা করবে।

লন্ডনে চার মাস চিকিৎসা নেওয়ার পর দেশে ফিরছেন খালেদা জিয়া।গতকাল সোমবার স্থানীয় সময় ২টা ১০ মিনিটে লন্ডনে তারেক রহমানের বাসা থেকে বিমানবন্দরের উদ্দেশে রওনা হন তিনি।বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান নিজেই গাড়ি চালিয়ে মাকে বিমানবন্দরে নিয়ে যান।কাতারের দোহায় যাত্রাবিরতি করে মঙ্গলবার সকাল ১০টায় ঢাকায় পৌঁছানোর কথা রয়েছে বিএনপি চেয়ারপারসনের। তাঁর সঙ্গী রয়েছেন বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের সহধর্মিণী জোবাইদা রহমান ও ছোট ছেলে আরাফাত রহমানের স্ত্রী সৈয়দা শর্মিলা রহমান।

বিএনপি গণতন্ত্র খালেদা জিয়া

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 22:36

URL: https://www.timestodaybd.com/politics/7758071993